রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৪, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

আয়কর

## প্রজ্ঞাপন

তারিখ: ১৪ই চৈত্র ১৪০১ বাং/২৮শে মার্চ ১৯৯৫ইং

এস, আর, ও, নং ৪৬-আইন/৯৫ Income Tax Ordinance. 1984 (XXXVI of 1984) এর section 44 (4) (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১লা কার্তিক, ১৩৯৭/১৭ই অক্টোবর, ১৯৯০ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৬২-আইন/৯০ তে নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

২। উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(ক) প্রথম অনুচ্ছেদ—

(অ) দফা (১) ও দফা (২) এর "তাঁহাকে নিম্নোক্ত হারে" শব্দগুলির পরিবর্তে উভয় স্থানে "তাঁহাকে ডাক বিভাগ কর্তৃক মনোনীত ডাকঘরের মাধ্যমে '২-Income Tax-other than companies' খাতে নিম্নোক্ত হারে" শব্দগুলি ও সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে ;

(আ) শেষ প্রান্তস্থিত "আয়কর প্রদান করিতে হইবে" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট আয় বৎসর (Income Year) এর পরবর্তী ১৫ই সেপ্টেম্বরের মধ্যে আয়কর প্রদান করিতে হইবে" শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাটি ও অক্ষরটি প্রতিস্থাপিত হইবে ;



মূল্য: টাকা ১.০০

(খ) অনুচ্ছেদ ২ এর—

(অ) "এর সংশ্লিষ্ট বিধানসমূহ" শব্দগুলির পরিবর্তে, "অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর সংশ্লিষ্ট বিধানসমূহ" কমাগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং

(আ) পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ ২ক সন্নিবেশিত হইবে যথা :—

"২ক। যদি কোন করদাতা প্রথম অনুচ্ছেদের বিধান অনুযায়ী সংশ্লিষ্ট আয় বৎসরের পরবর্তী ১৫ই সেপ্টেম্বরের মধ্যে উক্ত অনুচ্ছেদে উল্লেখিত হারে আয়কর প্রদানে ব্যর্থ হন এবং তিনি উক্ত তারিখের পরে কিন্তু উক্ত Ordinance এর আওতায় সংশ্লিষ্ট আয় বৎসরের কর নির্ধারণী সম্পন্ন হইবার পূর্বে প্রথম অনুচ্ছেদে বর্ণিত হারে আয়কর প্রদান করিতে ইচ্ছা করেন তাহা হইলে তিনি উক্ত আয়কর, উহার উপর প্রতি বৎসর বা উহার খণ্ডাংশের জন্য ৫০% হারে জরিমানাসহ, প্রদান করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, উক্ত Ordinance এর আওতায় সংশ্লিষ্ট আয় বৎসরের কর নির্ধারণী সম্পন্ন হইবার পরে প্রথম অনুচ্ছেদের অধীনে কোন আয়কর প্রদান করা হইলে উক্তরূপ প্রদত্ত আয়কর উক্ত Ordinance এর অধীন নির্ধারিত আয়কর হইতে বাদ দেওয়া হইবে, কিন্তু করদাতা প্রথম অনুচ্ছেদে নির্ধারিত হারে আয়কর প্রদানের সুযোগ পাইবেন না"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড: আকবর আলি খান

সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।